কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা “কবিতা/গল্প”
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

Graphic Design Work



Flex ,Poster ,Card ,Cartoon ,
Logo ,Newspaper ,Book ,
Magazine & other.
9836753622



HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 27 MARCH 2026 ,FRIDAY | ২৭ মার্চ ২০২৬ ,শুক্রবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-115

## ভোটকেন্দ্র ও নাকাপয়েন্ট পরিদর্শনে তৎপর জেলাশাসক




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৬ মার্চ :** আলিপুরদুয়ার ২ নম্বর ব্লকের মাঝেরডাবরি ও ভাটিবাড়ী গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন বুথ পরিদর্শন করলেন আলিপুরদুয়ারের জেলা শাসক। এদিন ভাটিবাড়ী এলাকার নাকা পয়েন্ট পরিদর্শন করেছেন তিনি। চাপরেরপাড় ২ গ্রাম পঞ্চায়েতের চার মাইল এলাকার নাকা পয়েন্ট পরিদর্শন করেছেন তিনি। আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকের দুটি বুথ স্পর্শ কাতর এমনটাই জানা গেছে প্রশাসনিক কর্তাদের কাছ থেকে। মাঝেরডাবরী গ্রাম পঞ্চায়েত এলাকায় একটি বুথ স্পর্শকাতর আছে। ব্লকের বিভিন্ন ভোটকেন্দ্র পরিদর্শনের সময় জেলাশাসকের সঙ্গে ছিলেন আলিপুরদুয়ার ২ নম্বর ব্লকের প্রশাসনিক কর্তারা।

## মুর্শিদাবাদ জেলার বিভিন্ন এলাকায় যৌথভাবে রুটমার্চ কেন্দ্রীয় বাহিনী ও রাজ্য পুলিশের



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,মুর্শিদাবাদ ,২৬ মার্চ :** আসন্ন বিধানসভা নির্বাচনের আগে মুর্শিদাবাদ জেলার বিভিন্ন এলাকায় যৌথভাবে রুটমার্চ শুরু করেছে কেন্দ্রীয় বাহিনী ও রাজ্য পুলিশের মুর্শিদাবাদ জেলা পুলিশ। আসন্ন বিধানসভা নির্বাচনকে সামনে রেখে আত্মবিশ্বাস বৃদ্ধিমুলক ব্যবস্থার অংশ হিসাবে কেন্দ্রীয় বাহিনী ও রাজ্য পুলিশের মুর্শিদাবাদ জেলা পুলিশ এই ধরনের এরিয়া ডমিনেশন কার্যক্রমের মাধ্যমে সাধারন মানুষের মধ্যে নিরাপত্তার অনুভূতি জোরদার করা,জনসাধারণের আস্থা বৃদ্ধি করা এবং মাটিতে শক্তিশালী উপস্থিতি বজায় রাখা লক্ষ্য। শান্তিপূর্ণ, সুশৃঙ্খলা ও ভয়মুক্ত পরিবেশে অবাধ ও নিরপেক্ষ নির্বাচন নিশ্চিত করতে মুর্শিদাবাদ জেলা পুলিশ প্রতিশ্রুতিবদ্ধ।



# প্রার্থী নিয়ে অসন্তোষ রাজগঞ্জে ,বিক্ষোভে সামিল ক্ষুব্ধ বিজেপি কর্মী সমর্থকরা



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,জলপাইগুড়ি ,২৬ মার্চ :** বুধবার প্রকাশ পেয়েছে আসন্ন বিধানসভা নির্বাচনে বিজেপি দলের তৃতীয় দফার প্রার্থী তালিকা। এই তালিকায় জলপাইগুড়ি জেলার রাজগঞ্জ বিধানসভা আসনে দলের প্রার্থী হিসাবে দীনেশ সরকার (হারাধন সরকার) এর নাম রয়েছে। হারাধন সরকারের নাম ঘোষনার পর বিজেপির রাজগঞ্জ ব্লকের বেশ কিছু কর্মী সমর্থক ক্ষুব্ধ হয়ে বিক্ষোভ প্রদর্শন করতে থাকেন। তাদের দাবি প্রার্থী বদল করতে হবে। দীনেশ সরকার (হারাধন সরকার) এক সময়ে তৃণমূল করতেন,প্রয়াত মুকুল রায়ের সাথে তিনি বিজেপিতে যোগ দিয়েছিলেন। বিক্ষুব্ধ কর্মী সমর্থকরা জানান দলের জেলা নেতৃত্ব টাকার বিনিময়ে প্রার্থী ঠিক করেছে।এই প্রার্থীকে তাদের না পসন্দ। প্রার্থী বদলের দাবি জানাচ্ছেন তারা। প্রার্থী বদল না হওয়া পর্যন্ত তাদের বিক্ষোভ চলবে। বিজেপির ক্ষুব্ধ কর্মী সমর্থকরা জানান রাজগঞ্জ আসনটি তপশিলী সম্প্রদায়ের জন্য সংরক্ষিত। দীনেশ সরকার (হারাধন সরকার) তপশিলী সম্প্রদায়ের নন, তিনি বাংলাদেশী। তাকে প্রমান দিতে হবে যে তিনি তপশিলী সম্প্রদায়ের। বাদল রায় এর অভিযোগ প্রার্থী নির্বাচনের জন্য টাকার খেলা হয়েছে। তারা এই প্রার্থীকে মেনে নেবেননা।

# পণ্যবাহী চারটি গাড়ি আটক শামুকতলা রোডে





**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৬ মার্চ :** ৩১ নম্বর জাতীয় সড়কের শামুকতলা রোড এলাকায় অভিযান চালিয়ে চারটি দূরপাল্লার গাড়িকে আটক করেছে জিএসটি দপ্তর বৃহস্পতিবার বেলা একটা নাগাদ। দপ্তরের আধিকারিকদের সঙ্গে কথা বলে জানা গেছে বৈধ কাগজপত্র নেই তাই চারটি গাড়ি কে আটক করা হয়েছে। সর্বোচ্চ আড়াই লক্ষ টাকা জরিমানা হতে পারে গাড়ি চালকদের। অসম থেকে কলকাতার দিকে যাচ্ছিল পণ্যবাহী গাড়িগুলি ।

# চেংমারির বালাপাড়ায় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে হাতির মৃত্যু ,গ্রেফতার ১



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৬ মার্চ :** বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মৃত্যু হল একটি বুনো হাতির। ঘটনার জেরে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে কুমারগ্রাম ব্লকের চেংমারি গ্রাম পঞ্চায়েতের বালাপাড়া বনবস্তিতে। বিদ্যুৎস্পৃষ্ট হয়ে হাতির মৃত্যুর ঘটনায় গ্রেফতার করা হয়েছে বনবস্তির এক বাসিন্দাকে। বন বিভাগ জানিয়েছে, ধৃতের নাম মিলন শর্মা। বৃহস্পতিবার তাকে আদালতে পাঠানো হয়েছে। বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মঙ্গলবার রাতে মাঝ বয়সী ওই পুরুষ হাতিটির মৃত্যু হয়। বুধবার বিষয়টি নজরে আসে বন বিভাগের কর্মীদের। ঘটনার তদন্তে নেমে বন বিভাগ জানতে পারে, বালাপাড়া বনবস্তির বাসিন্দা মিলন শর্মা তার সুপারি ও কলাবাগানের রক্ষার জন্য বৈদ্যুতিক তার লাগিয়েছিলেন। সেই তারে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে হাতিটির মৃত্যু হয়। এরপর বুধবারই মিলন শর্মাকে গ্রেফতার করে বন বিভাগ। এদিকে, বৃহস্পতিবার বালাপাড়া বিটের জঙ্গলে মৃত ওই হাতিটির শেষকৃত্য সম্পন্ন হয়েছে। হাতির দেহের ময়নাতদন্তও করা হয়েছে।অভিযোগ, কলাবাগান, সুপারি বাগান সহ অন্যান্য আবাদ হাতির আক্রমণে হাত থেকে বাঁচাতে অবৈধভাবে বৈদ্যুতিক লাইনের ব্যবহার করছেন বিভিন্ন বনবস্তি এলাকার মানুষ। ভল্কা রেঞ্জের অন্তর্গত বালাপাড়া বনবস্তিতে হাতির মৃত্যুর ঘটনা অন্তত তাই প্রমাণ করে। এক্ষেত্রে বন বিভাগের ভূমিকা নিয়েও প্রশ্ন উঠতে শুরু করেছে। বন বিভাগের বক্সা ব্যাঘ্র প্রকল্পের পূর্ব বিভাগের উপক্ষেত্র অধিকর্তা দেবাশিস শর্মা টেলিফোনে বলেন, 'বালাপাড়ায় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মাঝ বয়সী একটি পুরুষ হাতির মৃত্যু হয়েছে। যেই ব্যক্তির বাগানে লাগানো বিদ্যুতের তারে হাতিটির মৃত্যু হয়েছে, তাকে গ্রেফতার করে আদালতে পাঠানো হয়েছে। বন্যপ্রাণী সংরক্ষণ আইনে ধৃতের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। অবৈধভাবে বিদ্যুতের ব্যবহার রুখতে বনবস্তির মানুষদের বন বিভাগের তরফে সচেতন করা হবে।'

# জাতীয় সড়কে বন্ধ যান চলাচল




**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৬ মার্চ :** তৃণমূলের সেকেন্ড ইন কমান্ড অভিষেক ব্যানার্জি জয়গাঁতে রোড শো করবেন আর এর ফলেই একত্রিশ নম্বর জাতীয় সড়কে দূরপাল্লার গাড়িগুলিকে আটকে দিল পুলিশ। জাতীয় সড়কের শামুকতলা রোডে বৃহস্পতিবার দুপুর নাগাদ দেখা গেল প্রচুর গাড়ি আটকে রয়েছে। এদিকে ট্রাফিক পুলিশ সূত্রে জানা গেছে অভিষেক ব্যানার্জির রোড শো হবে জয়গাঁতে আলিপুরদুয়ার বিধানসভার তৃণমূলের প্রার্থীদের নিয়ে। যার ফলেই অসম থেকে আশা দূরপাল্লার পণ্যবাহী গাড়িগুলি শামুকতলা রোডে আটকে দেওয়া হয়েছে বৃহস্পতিবার সকাল ছয়টা থেকে।

# প্রার্থী নিয়ে কোন্দল কোচবিহার বিজেপিতে ,শহর জুড়ে পোস্টার বিক্ষুব্ধ বিজেপি কার্যকর্তাদের




**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কোচবিহার ,২৬ মার্চ :** "যাকে খুশী তাকে দিন,বহিরাগতকে বাদ দিন"- এই ব্যানারে ব্যপক চাঞ্চল্য ছড়িয়েছে কোচবিহারে। বৃহস্পতিবার সকালে এরকম ব্যানার ঝুলতে দেখা যায় কোচবিহারের বিভিন্ন এলাকায়, ব্যানারের নীচে লেখা প্রচারে কোচবিহারে অবহেলিত বিজেপি কার্যকর্তারা। বুধবার বিজেপি তাদের দলের তৃতীয় দফার প্রার্থী তালিকা প্রকাশ করেছে। সেই তালিকায় কোচবিহার দক্ষিন কেন্দ্রে প্রার্থী করা হয়েছে রথীন্দ্র নাথ বোসকে। বিক্ষুব্ধ বিজেপি কর্মীদের অভিযোগ রথীন্দ্র নাথ বোস আগে কোচবিহারে থাকতেন, এখন তিনি শিলিগুড়িতে থাকেন। তার ভাই বিরাজ বোস বর্তমানে কোচবিহার বিজেপির জেলা সহ সভাপতি। রথীন্দ্র নাথ বোস বর্তমানে দলের শিলিগুড়ি বিভাগের আহবায়কের দায়িত্বে রয়েছেন বলে জানা গেছে। রাজনৈতিক মহলের ধারনা বহিরাগত প্রার্থী দেওয়াতেই কোচবিহার জেলায় বিজেপিতে এই কোন্দলের সৃষ্টি হয়েছে।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |